

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ই-মেইল: berc2003@gmail.com, ফ্যাক্স: ৫৫০১৩৫১৮  
ওয়েব সাইট: www.berc.org.bd।

নম্বর: ২৮.০১.০০০০.০১২.১৪.০০১.১৯-৪১০৬

তারিখ: ৩০ জুন ২০১৯।

## প্রেস রিলিজ

প্রাকৃতিক গ্যাসের মূল্যহার ভোক্তাপর্যায়ে বৃদ্ধির জন্য ২৪ জানুয়ারি ২০১৯ তারিখে কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড ও পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, ২৬ জানুয়ারি ২০১৯ তারিখে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ২৭ জানুয়ারি ২০১৯ তারিখে জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, ২৮ জানুয়ারি ২০১৯ তারিখে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এবং ২৯ জানুয়ারি ২০১৯ তারিখে তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে পৃথক পৃথক আবেদন করে। এছাড়া গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড সঞ্চালন ট্যারিফ বৃদ্ধির জন্য ২৯ জানুয়ারি ২০১৯ তারিখে কমিশনে আবেদন করে।

২। কমিশন কোম্পানীসমূহের আবেদন পরীক্ষা-নিরীক্ষান্তে ১১-১৪ মার্চ ২০১৯ তারিখে গণশুনানির আয়োজন করে। গ্যাসের উৎপাদন, এলএনজি (Liquified Natural Gas) আমদানি, সঞ্চালন ও বিতরণ ব্যয় এবং দেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন প্রাকৃতিক গ্যাসের মূল্যহার ভোক্তাপর্যায়ে পুনর্নির্ধারণ করেছে। ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার বর্তমান ভারিত গড় ৭.৩৮ টাকা/ঘনমিটার থেকে ৩২.৮% বৃদ্ধি করে ৯.৮০ টাকা/ঘনমিটার নির্ধারণ করা হয়েছে। বিদ্যমান ন্যূনতম চার্জ (Minimum Charge) প্রত্যাহার করা হয়েছে। গৃহস্থালি ব্যতীত অন্যান্য গ্রাহকশ্রেণির ক্ষেত্রে প্রতি ঘনমিটার মাসিক অনুমোদিত লোডের বিপরীতে ০.১০ টাকা হারে ডিম্যান্ড চার্জ আরোপ করা হয়েছে।

৩। কমিশনের এ আদেশ ১ জুলাই ২০১৯ তারিখ হতে কার্যকর হবে। এতদসংক্রান্ত প্রজ্ঞাপন সংযুক্ত করা হলো।



মো: রফিকুল ইসলাম

সচিব

ফোন: ৯১৪ ০১২৫



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ওয়েবসাইট: [www.berc.org.bd](http://www.berc.org.bd)

নম্বর: ২৮.০১.০০০০.০১২.১৪.০০১.১৯-৪১০৫

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৬  
৩০ জুন ২০১৯

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ অনুসারে তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক বিস্তারিতভাবে পর্যালোচনা করত: উক্ত কোম্পানীসমূহ কর্তৃক ভোক্তাপর্যায়ে সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাসের মূল্যহার নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো:

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	মূল্যহার (টাকা/ঘনমিটার)
১	বিদ্যুৎ	৪.৪৫
২	ক্যাপটিভ পাওয়ার	১৩.৮৫
৩	সার	৪.৪৫
৪	শিল্প	১০.৭০
৫	চা-বাগান	১০.৭০
৬	বাণিজ্যিক:	
	ক) হোটেল এন্ড রেস্টুরেন্ট	২৩.০০
	খ) ক্ষুদ্র ও কুটির শিল্প	১৭.০৪
৭	সিএনজি	৪৩.০০
৮	গৃহস্থালি:	
	ক) মিটারভিত্তিক	১২.৬০
	খ) এক বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট)	৯২৫.০০
	গ) দুই বার্নার (প্রতিমাসে নির্দিষ্ট)	৯৭৫.০০

- বাণিজ্যিক গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত ক্ষুদ্র ও কুটির শিল্প গ্রাহকের মূল্যহার অপরিবর্তিত থাকবে।
- বিদ্যমান ন্যূনতম চার্জ (Minimum Charge) প্রত্যাহার করা হলো।
- গৃহস্থালি ব্যতীত অন্যান্য গ্রাহকশ্রেণির ক্ষেত্রে প্রতি ঘনমিটার মাসিক অনুমোদিত লোডের বিপরীতে ০.১০ টাকা হারে ডিম্যান্ড চার্জ আরোপ করা হলো।
- প্রতি ঘনমিটার সিএনজির মূল্যহারের মধ্যে ফিউ গ্যাসের মূল্যহার ৩৫.০০ টাকা এবং অপারেটর মার্জিন ৮.০০ টাকা অন্তর্ভুক্ত।
- নিয়মাবলী সম্পর্কিত কমিশনের সংশ্লিষ্ট আদেশসমূহ বহাল থাকবে।
- এ আদেশ ১ জুলাই ২০১৯ তারিখ হতে কার্যকর হবে।

কমিশনের আদেশক্রমে,



মো: রফিকুল ইসলাম

সচিব

ফোন: ৯১৪ ০১২৫